

চলাচল সূচী নং  
চাল/১৬(২০২১-২২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
ভাটিলক্ষীপুর, চুনাঘাটা, ফরিদপুর  
www.food.faridpur.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.২৯০০.০০০.০৫.০১২.১৯.১১২০

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৯

২৬ জুন ২০২২

বিষয়: চালের অভ্যন্তরীণ চলাচল সূচীর আদেশ।

সূত্র: ১। চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা খাদ্য অধিদপ্তরের স্মারক নং ৪৫৫, তারিখ: ১২/০৫/২০২২খ্রি.

২। আখানি দপ্তর ঢাকার স্মারক নং ১১৮১, তারিখ: ২৩/০৬/২০২২খ্রি.

মধুখালী এলএসডিতে বোরো সংগ্রহ'২০২২ সফল করার লক্ষ্যে পর্যাপ্ত খালি জায়গা সৃষ্টি এবং উক্ত এলএসডিতে মজুদকৃত চাহিদার অতিরিক্ত বিলি-বিতরণযোগ্য আমন'২০২১-২২ সিদ্ধ চাল নিষ্পত্তি করা প্রয়োজন। জেলাধীন নগরকান্দা এলএসডিতে বিলি-বিতরণকৃত চালের চাহিদা থাকায় এবং মধুখালী এলএসডিতে বোরো সংগ্রহ'২০২২ সফল করার লক্ষ্যে পর্যাপ্ত খালি জায়গা সৃষ্টি ও অতিরিক্ত মজুদকৃত আমন'২০২১-২২ সিদ্ধ চাল দ্রুত নিষ্পত্তি করার লক্ষ্যে নিম্নরূপভাবে ৩৫০ মে. টন আমন'২০২১-২২ সিদ্ধ চালের অভ্যন্তরীণ চলাচল সূচি জারী করা হলো।

ক্র:নং	ঠিকাদারের নাম	পন্য/প্রকার	প্রেরণ কেন্দ্র	প্রাপক কেন্দ্র	সূচীকৃত পরিমাণ (মে:টন)
১	২	৩	৪	৫	৬
১	মেসার্স মেরীনা পারভীন মোবা: ০১৭১৮-৭৭৩৩০৩	আমন'২০২১-২২ সিদ্ধ চাল	মধুখালী এলএসডি	নগরকান্দা এলএসডি	৫০.০০০
২	শুভ এন্টার প্রাইজ মোবা: ০১৭৩৬-৬৪৫৭২১	ঐ	ঐ	ঐ	৫০.০০০
৩	কে.এস এন্টার প্রাইজ মোবা: ০১৭৯৯-৬০৩৭৩৭	ঐ	ঐ	ঐ	৫০.০০০
৪	বি.কে.এস এন্টার প্রাইজ মোবা: ০১৭৯৯-৬০৩৭৩৬	ঐ	ঐ	ঐ	৫০.০০০
৫	মেসার্স মোসলেম বিশ্বাস মোবা: ০১৭১৩-৫৮৫৯৮০	ঐ	ঐ	ঐ	৫০.০০০
৬	মেসার্স চৌধুরী ট্রেডার্স মোবা: ০১৭১১-৯৪০২২০	ঐ	ঐ	ঐ	৫০.০০০
৭	মেসার্স ইসমাইল বিশ্বাস মোবা: ০১৭৮৯-১৬৪১৩৩	ঐ	ঐ	ঐ	৫০.০০০

ক) এই সূচীর মেয়াদ ৩০/০৬/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

খ) চলাচল সূচিতে উল্লিখিত পণ্য/প্রকার ইনভয়েসের “পণ্য/প্রকার” বক্সে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং প্রেরিত চালের সিলগালা করে একটি নমুনা প্রাপক কেন্দ্রে প্রেরিত ইনভয়েসের সাথে প্রেরণ করতে হবে। কোন ভাবেই পোকাক্রান্ত খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। স্টেনসিলবিহীন ও হেঁড়া/ফাটা বস্তায় কোন চাল প্রেরণ করা যাবে না।

গ) ঠিকাদার প্রেরণ কেন্দ্রের ইস্যুকৃত ইনভয়েসে “পণ্য/প্রকার” বক্সে উল্লিখিত পণ্য/প্রকারের সাথে মিল করে ট্রাকে পণ্য ও সিলগালাকৃত নমুনা গ্রহন করবেন।

ঘ) প্রেরণ কেন্দ্র হতে সূচীকৃত চাল যানবাহনে বোঝাই শেষে দ্রুত ইনভয়েস প্রেরণ পূর্বক চাল প্রেরণ নিশ্চিত করতে হবে।

ঙ) প্রেরক ও প্রাপক কেন্দ্র সাপ্তাহিক ভিত্তিতে ইনভয়েস বিবরণী ও প্রাপ্তি বিবরণী অত্র দপ্তরে প্রেরণ করবেন। এছাড়া প্রেরক ও প্রাপক কেন্দ্র দৈনিক প্রেরণ/প্রাপ্তি বিবরণী দাখিল করবেন।

চ) চাল বোঝাই ট্রাক নিচ্ছিদ্র ত্রিপল দ্বারা মোড়ানো পূর্বক রশি দ্বারা বেধে প্রেরক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও ঠিকাদার/প্রতিনিধির যৌথ স্বাক্ষরে কমপক্ষে ০৩(তিন)টি স্থানে সীলগালা করে প্রেরণ করতে হবে।

ছ) প্রাপক কেন্দ্র চলাচল সূচিতে উল্লিখিত পণ্য/প্রকার, প্রেরণ কেন্দ্রের প্রেরিত নমুনা ও আগত চালের সাথে মিল থাকলে চাল গ্রহন করবেন।

জ) চলাচল ও সংরক্ষণ নীতিমালা অনুসরণ পূর্বক ব্যাক মুভমেন্ট পরিহার করে ওয়ারেন্টি অনুযায়ী চাল ডেসপাস দিতে হবে।

ঝ) চলাচল সংক্রান্ত অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

ঞ) অত্র দপ্তরের ০৭/১২/২০২০খ্রি. তারিখের ৫০৮নং স্মারকে গঠিত চলাচল সূচী তদারকী কমিটি সূচী সংক্রান্ত সার্বিক কাজ মনিটরিং করবেন এবং সুচির মেয়াদ শেষে একটি লিখিত প্রতিবেদন দাখিল করবেন। এছাড়া কোন অনিয়ম পাওয়া গেলে তাৎক্ষণিক নিম্নস্বাক্ষরকারীকে অবগত করবেন।

ট) খাদ্য অধিদপ্তরের চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০৮/০৬/২০ তারিখের ৫২৬নং স্মারক জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে প্রেরক কেন্দ্র এবং প্রাপক কেন্দ্র তাদের নির্ধারিত ইনভয়েস যথানিয়মে এন্ট্রি সম্পন্ন করবেন।

এই চলাচল জনস্বার্থে জারী করা হলো এবং সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

২৬-৬-২০২২

কাজী সাইফুদ্দিন

জেলা খাদ্য নিয়ন্ত্রক

বিতরণ :

- ১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, নগরকান্দা এলএসডি, ফরিদপুর।
- ২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, মধুখালী এলএসডি, ফরিদপুর।
- ৩) মেসার্স মেরীনা পারভীন, শুভ এন্টার প্রাইজ, কে.এস এন্টার প্রাইজ, বি.কে.এস এন্টার প্রাইজ, মেসার্স মোসলেম বিশ্বাস, মেসার্স চৌধুরী ট্রেডার্স, মেসার্স ইসমাইল বিশ্বাস, আইআরটিসি, ফরিদপুর।

স্মারক নম্বর: ১৩.০১.২৯০০.০০০.০৫.০১২.১৯.১১২০/১(৪)

তারিখ: ১২ আষাঢ়. ১৪২৯

২৬ জুন ২০২২

সদয় অবগতি/ অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ২) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নগরকান্দা/মধুখালী, ফরিদপুর।
- ৩) অফিস কপি।

২৬-৬-২০২২

কাজী সাইফুদ্দিন

জেলা খাদ্য নিয়ন্ত্রক